# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 SEPTEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) আসামের সঙ্গীত জগতে বিশাল শূণ্যতার সৃষ্টি করে চলে যাওয়া আসামের জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের সম্মানে আজ থেকে তিনদিনের রাজ্য শোক ।

(২) শিল্পীর মৃত্যুর সি আই ডি তদন্ত ঘোষণা ।

(৩) বরাক উপত্যকার তিন জেলায়ও শিল্পীর প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন ।

এবং

(৪) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ জিএসটি স্তরের সংস্কার সাধনের পরিপ্রেক্ষিতে আগামী ২২ সেপ্টেম্বর থেকে নির্ধারিত সামগ্রীর মূল্য হ্রাস পাব বলে মন্তব্য।

-----------------------------------------------------------------------------------

সদ্য প্রয়াত প্রখ্যাত শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ থেকে তিনদিনের রাজ্য শোক ঘোষণা করা হয়েছে ।এই সময়ে সব সরকারী বিনোদনমূলক অনুষ্ঠান , আনুষ্ঠানিক কার্যসূচী ইত্যাদি স্থগিত থাকবে । সেবা সপ্তাহের অধীনে প্রয়োজনীয় সেবার কার্যসূচী অব্যাহত থাকবে তবে আনুষ্ঠানিক তথা অন্যান্য লাভ বিতরণ অনুষ্ঠান সমুহ স্থগিত রাখা হয়েছে ।
এদিকে প্রয়াত শিল্পীর নশ্বর দেহ গুয়াহাটীতে নিয়ে আসার জন্য মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এবং কেন্দ্রীয় মন্ত্রী পবিত্র মার্ঘেরিটা দিল্লীর উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন ।এর আগে মুখ্যমন্ত্রী আসাম পুলিশের সঞ্চালক প্রধান , গুয়াহাটী মহানগর পুলিশ কমিশনার এবং বিমানবন্দর কর্তৃপক্ষের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে মিলিত হন । মুখ্যমন্ত্রী বলেন যে জুবিন গার্গের মৃত্যুর বিষয়ে অনুসন্ধানের জন্য সিঙ্গাপুরের উচ্চ আয়ুক্ত সাইমেন

রঙের সঙ্গে আলোচনা করা হয়েছে এবং তিনি এই বিষয়ে সম্পূর্ণ সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন ।

উল্লেখ্য জনপ্রিয় শিল্পীর মরণোত্তর পরীক্ষা সম্পন্ন হওয়ার পর তাঁর পার্থিব শরীর ভারতের রাষ্ট্রদূত তথা সিঙ্গাপুরে উপস্থিত থাকা জুবিন গার্গের বন্ধুদের হাতে সমঝে দেওয়া হয় । শিল্পীর নশ্বর দেহ আজ মধ্যরাতে দিল্লীতে পৌছার সম্ভাবনা রয়েছে । দিল্লী থেকে আজ শেষ রাত্রী বা আগামীকাল ভোরে তাঁর বাসগৃহে নিয়ে আসা হবে । এরপর তাঁর নশ্বরদেহ জনসাধারণের শেষ শ্রদ্ধা জানানোর জন্য সরুসজাই ক্রীড়া প্রকল্পে রাখা হবে ।প্রয়াত শিল্পীর অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করার সময় এবং স্থান সম্পর্কে শিল্পীর পরিবার সহ সংশ্লিষ্ট অন্যান্যদের সঙ্গে আলোচনা করার পর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।তবে যোরহাটে এই কার্য সম্পন্ন করা হতে পারে বলে মুখ্যমন্ত্রী জানান ।এদিকে সরুসজাই ষ্টেডিয়ামের সামগ্রিক ব্যবস্থাপনা নিরিক্ষণ করে মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্য সরকার জুবিন গার্গের মৃত্যুর তদন্তের দ্বায়িত্ব সি আই ডি কে অর্পণ করেছে । নর্থ ইষ্ট ফেষ্টিভেলের আয়োজক শ্যামকানু মহন্ত এবং প্রয়াত শিল্পীর ম্যানেজার সিদ্ধার্থ শর্মাকেও তদন্তের আওতায় নিয়ে আসা হবে বলে মুখ্যমন্ত্রী জানান । এছাড়া জুবিন গার্গের সঙ্গে সমুদ্রে সাঁতার কাটতে যাওয়া তাঁর দলের চারজন সদস্য এবং অসম এসোসিয়েশনের ১১ জন সদস্যকেও জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে মুখ্যমন্ত্রী জানান ।

জুবিন গার্গের অকাল প্রয়াণের পরিপ্রেক্ষিতে আসাম লোকসেবা আয়োগের আগামীকাল অনুষ্ঠেয় মৎস্য বিভাগের কনিষ্ঠ বাস্তুকার পদের পরীক্ষা স্থগিত রাখা হয়েছে ।এই পরীক্ষার তারীখ পরে জানানো হবে ।এবং আগামী সোমবার অনুষ্ঠেয় কৃষি উন্নয়ন আধিকারীক পদের সাক্ষাৎকার প্রক্রিয়া আগামী ২৫ এবং ২৬ শে সেপ্টেম্বর পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে । রাজ্যের বিদ্যালয়গুলোর ষান্মাসিক পরীক্ষাও পিছিয়ে দেওয়া হয়েছে ।প্রয়াত শিল্পীর অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত পরীক্ষা পিছিয়ে দিতে বিদ্যালয় পরিদর্শক এবং জেলা প্রাথমিক শিক্ষা আধিকারীককে নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও জনপ্রিয় সঙ্গীত শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হচ্ছে ।শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তীর উদ্যোগে আজ শিলচর গান্ধীবাগে প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় ।কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব , অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেন , শিলচর পৌর নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং , সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা , সরকারি বেসরকারি বিভাগের আধিকারীক সহ বহু লোক প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন ।রাধামাধব কলেজেও আজ এক

শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন কার্যসূচীর আয়োজন করা হয় । এদিকে শ্রীভূমি জেলা প্রশাসনের পক্ষ থেকেও প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় । অনুরূপভাবে হাইলাকান্দি জেলায় ও জনসাধারণ প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন ।

---------------------------------------------------------------------------------------

দেশের নাগরিকদের সুবিধার জন্য জি এস টি শ্রেণীগুলির সংস্কার সাধন করা হয়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ মন্তব্য করেছেন । আজ টুটিকোরিনের কোভিলপট্টিতে দেয়াশলাই ও আতশবাজী নির্মাণ সংস্থার শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন যে সরকার ২০৪৭ সালে বিকশিত ভারতের স্বপ্ন ও দৃষ্টিভঙ্গী সামনে রেখে কাজ করছে । সরকারের পক্ষ থেকে আতশবাজী ও দেয়াশলাই নির্মাতাদের সুবিধার জন্য সবধরণের সহায়তা প্রদান করা হবে বলেও মন্ত্রী জানান । তিনি বলেন যে আগামী ২২ সেপ্টেম্বর থেকে জনসাধারণ জি এস টি হ্রাস হবার জন্য খুব কম খরচে সামগ্রী ক্রয় করতে পারবেন । উল্লেখ্য ৩৭৫ টি সামগ্রীর জন্য ইতিমধ্যে জি এস টি হ্রাস করা হয়েছে যা আসন্ন উৎসব উদযাপনে মানুষকে সহায়তা করবে বলেও অর্থমন্ত্রী উল্লেখ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

এ আই ডি এস ও,এ আই ডি ওয়াই ও ,এ আই এম এস এস এবং কিশোর কিশোরী সংগঠন কমসোমলের উদ্যোগে আজ যথাযোগ্য মর্যাদায় শহীদ কনকলতার ৮৪ তম আত্মবলিদান দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ কাছাড় জেলার বিভিন্ন স্থানে শহীদ কনকলতার অস্থায়ী শহীদ বেদী স্থাপন করে মাল্যদানের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয় । শিলচরের ক্ষুদিরাম মূর্তির পাদদেশে মাল্যদান করেন এ আই ডি এস ওর আসাম রাজ্য কাউন্সিলের সহ-সম্পাদক পল্লব ভট্টাচার্য সহ সংগঠনের জেলা সহ-সভাপতি আপন লাল দাস ,সম্পাদক স্বপন চৌধুরী প্রমূখ । এ আইডি ওয়াই ওর পক্ষে মাল্যদান করেন সৌরভ দেব,এ আই এম এস এসের পক্ষে মাল্যদান করেন খাদেজা বেগম লস্কর ,কমসোমলের পক্ষে মাল্যদান করেন জেলার আহ্বায়ক অরূপ মালাকার । এছাড়াও ধোয়ারবন্দ বাজারে অস্থায়ী শহীদ বেদী স্থাপন করে মাল্যদান করেন এস ইউ সি আই (সি) দলের ধোয়ারবন্দ আঞ্চলিক কমিটির সম্পাদক মাধব ঘোষ , এ আই ডি এস ওর আসাম রাজ্য কাউন্সিলের সহ-সভাপতি ও কাছাড় জেলা সভাপতি স্বাগতা ভট্টাচার্য ,এ আইডি ওয়াই ওর পক্ষে সুজিত আকুঁড়া ।
এদিকে ক্ষুদিরাম মূর্তির পাদদেশে শহীদ কনকলতা জন্ম শতবর্ষ উদযাপন সমিতি কাছাড়ের পক্ষ থেকেও কনকলতার আত্মবলিদান দিবস উদযাপন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমির মহিলা ও শিশু উন্নয়ন বিভাগের উদ্যোগে ১৭ সেপ্টেম্বর থেকে জাতীয় পোষণ মাস পালন করা হচ্ছে । চলবে ১৬ অক্টোবর পর্যন্ত । এই পোষণ মাস পালনের কার্যসূচী নিয়ে আলোচনা করতে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অতিরিক্ত জেলা আয়ুক্ত নীলোৎপল পাঠকের পৌরহিত্যে এক সভা অনুষ্ঠিত হয় । সভার শুরুতে সদ্য প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয় । এই পোষণ মাসে শিশু ও মহিলাদের বিশেষ করে পুষ্টির বিষয়ে গুরুত্ব আরোপ করে অনুষ্ঠিত সভায় সহকারী আয়ুক্ত অন্বেষা খেরসা ,জেলা সমাজ কল্যাণ আধিকারিক সৈয়দ আহিদুল ইসলাম ,বিদ্যালয় সমূহের পরিদর্শক নীলম জ্যোতি দাস সিভিল হাসপাতালের সুপার ডা:লিপি দেব সহ জেলা সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পগুলির প্রকল্প আধিকারিক ,অঙ্গনওয়ারী সুপারভাইজার ,সহযোগী বিভাগের কর্মকর্তারা অংশগ্রহণ করেন । আজকের সভায় অতিরিক্ত জেলা আয়ুক্ত প্রতিটি বিভাগের সঙ্গে সমন্বয় রক্ষা করে এই পোষণ মাসের কার্যসূচী সফল করতে সকলের প্রতি আহ্বান জানান ।

---

দক্ষিণ শ্রীভূমি বিধানসভা কেন্দ্রের জনসাধারণের জন্য আজ নিলামবাজারের ন্যাশনেল অ্যাকাডেমী প্রাঙ্গণে এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । জেলা স্বাস্থ্য সমিতি শ্রীভূমির উদ্যোগে এবং ন্যাশনেল হেলথ মিশন আসামের সহযোগীতায় আয়োজিত এই শিবিরে সকাল ৯ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয় । শিবিরে এক হাজারেরও বেশী মানুষ চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন । শিশু রোগ ,মেডিসিন ,সার্জারী ,অস্থি ,চক্ষু ,নাক ,কান ,গলা সহ ১২ টি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকরা রোগীদের পরীক্ষা করেন । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী শিবিরে পরিষেবা কার্যসূচী তদারকি করে সাধারণ মানুষের সঙ্গে মত বিনিময় করেন । যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডা:সুমনা নাইডিং শ্রীভুমি শিবিরের সার্বিক ব্যবস্থাপনার তদারক করেন । শিবিরের শুরুতে জনপ্রিয় সঙ্গীত শিল্পী জুবিন গার্গের আকস্মিক মৃত্যুতে শোকপ্রকাশ করে তাঁর প্রতি শ্রদ্ধা জানানো হয় ।

---